



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা
www.lgd.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নম্বর : ৪৬.০০.০০০০.০৬৩.৩১.০০৬.১৫.৮৫৬

তারিখ: ৩০ জ্যৈষ্ঠ ১৪৩০
১৩ জুন ২০২৩


বিষয়: নোয়াখালী পৌরসভায় বর্জ্য ব্যবস্থাপনা কাজে ব্যবহারের জন্য নতুন গার্বেজ পিক আপ এবং স্কেভেটর গাড়ি ক্রয়ের প্রস্তাব সংক্রান্ত।

সূত্র : নোয়াখালী পৌরসভা কার্যালয় এর স্মারক নং-নোঃপৌঃপ্রকৌঃবিঃ-/২০২২-২০২৩/১১৫৬; তারিখ: ০২ মে ২০২৩ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে নোয়াখালী পৌরসভায় বর্জ্য ব্যবস্থাপনা কাজে ব্যবহারের জন্য একটি নতুন গার্বেজ পিক আপ এবং একটি নতুন স্কেভেটর গাড়ি ক্রয়ের প্রশাসনিক অনুমোদনের জন্য অনুরোধ জানানো হয়।

২। উল্লেখ্য, অর্থ বিভাগের ১২ মার্চ ২০২৩ তারিখের পরিপত্র নং ০৭.১০১.০২০.০০.০০.০০১.২০০৯-৪২০ নং পরিপত্র (পতাকা-ক, প. পৃ. ৩৪৭) অনুযায়ী সরকারের কৃচ্ছতা সাধন নীতির আলোকে সরকারের সকল সরকারি,, আধা-সরকারি, স্বায়ত্ত্বশাসিত ও অন্যান্য স্বায়ত্ত্বশাসিত ও অন্যান্য প্রতিষ্ঠানের পরিচালন ও উন্নয়ন ব্যয়ের আওতায় সকল প্রকার নতুন/ প্রতিস্থাপক হিসেবে যানবাহন ক্রয় সম্পূর্ণ বন্ধ থাকবে মর্মে নির্দেশনা রয়েছে।

৩। এমতাবস্থায়, অর্থ বিভাগের উক্ত পরিপত্র অনুযায়ী সকল প্রকার নতুন/ প্রতিস্থাপক হিসেবে যানবাহন ক্রয় সম্পূর্ণ বন্ধ থাকায় নোয়াখালী পৌরসভায় বর্জ্য ব্যবস্থাপনা কাজে ব্যবহারের জন্য নতুন গার্বেজ পিক আপ/ স্কেভেটর গাড়ি ক্রয়ের প্রস্তাব আপাততঃ বিবেচনা করা সম্ভব হচ্ছে না মর্মে নির্দেশক্রমে অবহিত করা হলো।


মোঃ আব্দুর রহমান
উপসচিব

ফোন: +৮৮০২৯৫১৪১৪২

ইমেইল: lgpaura1@lgd.gov.bd

মেয়র

নোয়াখালী পৌরসভা, নোয়াখালী

অনুলিপি:

১. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন অনবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. যুগ্মসচিব (নগর উন্নয়ন-২ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)